# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 26 June, 2025

ছয় বছরের দাম্পত্য জীবনের ইতি টানলেন জনপ্রিয় সংগীতশিল্পী দিলশাদ নাহার কনা। বুধবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় স্বামী মো. ইফতেখার গহিন এর সঙ্গে তার বিচ্ছেদের সিদ্ধান্তের কথা জানান।কনার এমন দুঃসংবাদে হতাশা প্রকাশ করেছেন তার ভক্তরা।

এদিকে কনার বিচ্ছেদ ঘোষণার পর পরই মুখ খোলেন গায়িকার স্বামী।পরে তা আবার সরিয়েও ফেলেন।সেই পোস্টে ইফতেখার গহিন লিখেছিলেন, 'আমাদের বিচ্ছেদ হয়নি'। এরপরই বিষয়টি নিয়ে বিভ্রান্তি শুরু হয় অনুরাগীদের মাঝে।তবে সকালে সে পোস্ট খুঁজে পাওয়া যায়নি কনার স্বামীর প্রোফাইলে।অর্থাৎ পোস্টটি মুছে ফেলেছেন তিনি।

তবে কনাকে মেনশন করে গহিন লিখেছিলেন, 'কনাকে নিয়ে যা লিখছেন, তার নিতান্তই কিছু কুচক্রী ও কুরুচিপূর্ণ মানুষের বানানো।আমাদের কিছু পারিবারিক সমস্যা চলছে, যা আমরা দুজনই সমাধান করার চেষ্টা করছি।আমাদের কোনো বিবাহবিচ্ছেদ হয়নি।আল্লাহ মাফ করুন যদি আলাদা হতে হয়, তার কারণ আমাদের বহুদিন ধরে চলে আসা পারিবারিক দ্বন্দ্ব হতে। কোনো পরকীয়া বা এই ধরনের যত্ত সব নোংরা, মিথ্যা, বানোয়াট কোনো সংবাদ প্রকাশ করেন, তাহলে আমি সবার বিরুদ্ধে আইনগত ব্যবস্থান নিতে বাধ্য থাকব।

বলা বাহুল্য, কনার বিচ্ছেদের পোস্ট দেওয়ার পরপরই সেটা অস্বীকার করে দেওয়া ইফতেখারের এই পোস্ট কৌতূহল তৈরি করে ভক্তদের মনে।এদিকে এ প্রসঙ্গে কণা এখনও নতুন করে কোনো মন্তব্য করেননি।

দীর্ঘ সাত বছর প্রেম করার পর ২০১৯ সালের ২১ এপ্রিলে ব্যবসায়ী গোলাম মো. ইফতেখার গহীনকে বিয়ে করেন জনপ্রিয় কণ্ঠশিল্পী দিলশাদ নাহার কনা।বিয়েটা নীরবেই হয়েছে তাদের। বিয়েটা হয়েছে পারিবারিকভাবে। দুই পরিবারের চাওয়াতে কাবিন হয়ে গেলেও বিয়ের আনুষ্ঠানিকতা হয়নি।কোনো ধরনের আয়োজন করেননি তারা।

সংগীতশিল্পী কনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 20:20

URL: https://timestodaybd.com/entertainment/3729775807